# ইরানের অধিকার রক্ষায় প্রতিরোধ চলবে: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে হামলা চালানো আগ্রাসীরা নিজেদের কর্মকাণ্ডের জন্য পুরোপুরি অনুতপ্ত না হওয়া পর্যন্ত প্রতিরোধ অব্যাহত থাকবে বলে হুঁশিয়ারি দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় তিনি বলেন, দেশের অধিকার ও জনগণের স্বার্থ রক্ষায় ইরান পূর্ণ শক্তি নিয়ে প্রতিরোধ চালিয়ে যাবে।

পেজেশকিয়ান বলেন, ইসলামিক রিপাবলিক অব ইরান বরাবরই যুদ্ধের বিরোধী এবং জনগণের স্বার্থ ও আঞ্চলিক নিরাপত্তা নিশ্চিত করতে সংঘাত এড়িয়ে চলার নীতিতে বিশ্বাসী।

তবে যেকোনো আগ্রাসনের মুখে ইরান অতীতের মতোই দৃঢ়ভাবে আত্মরক্ষা করবে বলে জানান তিনি। ইরানের জনগণের অধিকার রক্ষায় আগ্রাসীদের বিরুদ্ধে প্রতিরোধ চলবে এবং তারা নিজেদের কর্মকাণ্ডের জন্য সম্পূর্ণ অনুতপ্ত না হওয়া পর্যন্ত এ অবস্থান থেকে সরে আসা হবে না বলেও উল্লেখ করেন প্রেসিডেন্ট পেজেশকিয়ান।

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনার মধ্যে ইরানি প্রেসিডেন্টের এ বক্তব্য তেহরানের কঠোর রাজনৈতিক ও সামরিক অবস্থানেরই প্রতিফলন বলে মনে করা হচ্ছে।

LENS ASIA